ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৮৪.২৩** নথির বিষয়: Reconstruction of column pipe welding shed RCC floor and related services under F.M.D-2 DWASA

নোট: ১ নোটের বিষয়: **Reconstruction of column pipe welding shed RCC floor and related services under F.M.D-2 DWASA**

**অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৬/৭/২৩ ৫:৪৮ অপরাহ্ণ**

মড্স সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষন কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। এই কূপ সমূহের সাব-ষ্টেশন সহ পাম্পের মেরামত ও রক্ষনাবেক্ষন কাজের প্রয়োজনীয় পাম্প মোটর, ট্রান্সফরমার সহ আনুষঙ্গিক মালামাল অত্র বিভাগ হতে সরবরাহ করা হয়। অত্র বিভাগের আওতাধীন মেশিন শপে ফোরম্যান/ মেশিনিষ্ট, ওয়েল্ডার ও অন্যান্য জনবল দ্বারা ফ্লাঞ্জ বিহীন কলাম পাইপ মডিফিকেশন করে কূপে ব্যবহার উপযোগী করা হয়ে থাকে। উক্ত মডিফিকেশনকৃত কলাম পাইপ সমূহ নতুন/রিজেনারেশন/প্রতিস্থাপন কূপে পাম্প মোটর চালু করার কাজে ব্যবহৃত হচ্ছে। সেই সাথে যে সকল পুরাতন কূপে কলাম পাইপ লিকেজ হয় সে সকল কূপে এই মডিফিকেশনকৃত কলাম পাইপ ব্যবহার করা হয়। এফ এম বিভাগ-১, পানি (পুঃ উঃ) বিভাগ এর চাহিদা মোতাবেক মডিফিকেশনকৃত কলাম পাইপ অত্র বিভাগ হতে সরবরাহ করা হয়ে থাকে। কলাম পাইপ ওয়েল্ডিং কাজের শেডের ফ্লোরটির নিচে দিয়ে অত্র কম্পাউন্ডের পানি নিস্কাশনের জন্য একটি ড্রেন আছে। বর্তমানে উক্ত ড্রেন ধসে পড়ায় কলাম পাইপ ওয়েল্ডিং কাজে বিঘ্ন ঘটছে। তাই অত্র কম্পাউন্ডের পানি নিস্কাশনের ড্রেনটি মেরামতসহ কলাম পাইপ ওয়েল্ডিং কাজের শেডের ফ্লোরের আরসিসি প্লাস্টার দ্রুত মেরামত করা প্রয়োজন। তাছাড়া অত্র কম্পাউন্ডের পিছন দিকে সিকিউরিটি লাইট না থাকায় রাতের বেলায় কম্পাউন্ডে অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়। এ অবস্থায়, যে সমস্ত কাজগুলি অত্যাবশ্যক, সে সমস্ত কাজগুলো করার লক্ষ্যে পিডব্লিউডি রেট সিডিউল দরের ভিত্তিতে আলোচ্য কাজের একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে = ৪,৯৮,৫৮৮.৬৮৮/- (চার লক্ষ আটানব্বই হাজার পাচশত আটাশি দশমিক ছয় আট আট) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের অনুমোদিত কর্ম-পরিকল্পনার ক্রমিক নং-৩৬ এ (প্যাকেজ নং-পিডব্লিউ ৩০) এ অন্তর্ভূক্ত করা আছে। **আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

**সংযুক্তিসমূহ (৩):**

১। ১। অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের অনুমোদিত কর্ম-পরিকল্পনার ফটোকপি।.
২। ২। পিডব্লিউডি রেট সিডিউলের ফটোকপি।.
৩। ৩। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।.

---

**অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৬/৭/২৩ ৫:৪৯ অপরাহ্ণ**

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র (এলটিএম ই-জিপি) পদ্ধতিতে আহবান করা যেতে পারে।

---

**অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৬/৭/২৩ ৫:৫০ অপরাহ্ণ**

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Reconstruction of column pipe welding shed RCC floor and related services under F.M.D-2 DWASA কাজের উপস্থাপিত মোট = ৪,৯৮,৫৮৮.৬৮৮/- (চার লক্ষ আটানব্বই হাজার পাচশত আটাশি দশমিক ছয় আট আট) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) এ দরপত্র আহবান করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

| | | | |
|---|---|---|---|
| ২৬/৭/২৩ ৫:৫১ অপরাহ্ণ<br>মোঃ আনিসুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী<br>এফ এম বিভাগ-২ | ২৬/৭/২৩ ৬:৫৭ অপরাহ্ণ<br>রিয়াদ আহমেদ<br>সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>এফ এম বিভাগ-২ | ২৬/৭/২৩ ৭:০১ অপরাহ্ণ<br>সুজন চন্দ্র বর্মন<br>নির্বাহী প্রকৌশলী<br>এফ এম বিভাগ-২ | ২৭/৭/২৩ ৫:২৯ অপরাহ্ণ<br>মোঃ আঃ লতিফ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>আর পি ই এন্ড এম সার্কেল |

~~২৭/৭/২৩ ৫:২৯ অপরাহ্ণ~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

---

**অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩০/৭/২৩ ৫:০৩ অপরাহ্ণ**

অনুমোদিত

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

| | | | |
|---|---|---|---|
| ৩০/৭/২৩ ৫:০৪ অপরাহ্ণ | ৩০/৭/২৩ ৫:৩৩ অপরাহ্ণ | ৩০/৭/২৩ ৮:১১ অপরাহ্ণ | ৩১/৭/২৩ ১১:৫০ পূর্বাহ্ণ |
| মোঃ কামরুল হাসান | সুজন চন্দ্র বর্মন | রিয়াদ আহমেদ | মোঃ আনিসুল ইসলাম |
| প্রধান প্রকৌশলী | নির্বাহী প্রকৌশলী | সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) | উপ-সহকারী প্রকৌশলী |
| প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ) | এফ এম বিভাগ-২ | এফ এম বিভাগ-২ | এফ এম বিভাগ-২ |